

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৮.১৯.১৪৮

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬

২৫ এপ্রিল ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব মোঃ আমিনুল ইসলাম, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প দশমিনা, পটুয়াখালী গত ২১.০৪.২০১৯ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। পরবর্তীতে খোঁজ নিয়ে জানা যায় তিনি অননুমোদিতভাবে বহিঃ বাংলাদেশ (ভারত) গমন করেছেন মর্মে জেলা সমন্বয়কারী, পটুয়াখালী প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, ধৃষ্টতা এবং শৃঙ্খলা পরিপন্থী। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, দশমিনা, পটুয়াখালী এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

৩. একইসাথে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৮-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব মোঃ আমিনুল ইসলাম, মাঠসহকারী
আমার বাড়ি আমার খামার প্রকল্প, দশমিনা, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৮.১৯.১৪৮/১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬

২৫ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, দশমিনা, পটুয়াখালী
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, পটুয়াখালী।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দশমিনা, পটুয়াখালী।



২৮-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক